

## নিধিরামের কামান মখদুম আজম মশরাফী

পাকসেনাদের বোমা-গুলি  
ব্যর্থ তোমায় মারতে  
কামান-বিমান পারলো না বীর  
মুক্তি তোমার কাড়তে ।

তোমার বুকের সিংহসাহস  
ছুটলো বিজয় আনতে,  
পাকসেনারা বাধ্য হলো  
শেষ পরাজয় মানতে ।

রাজাকারের গাড়ীর বুক  
সেই পতাকা উড়তে  
দেখে তোমার বুকের ব্যথা  
লাগলো কবর খুড়তে ।

অভাব বড় করলো তাড়া  
বললো গরব ভুলতে  
ছেলের মুখের পাঁজা ফুরোয়  
ব্যর্থ যে নুন আনতে ।

মুক্তি সেনা পারতে ভাল  
যুদ্ধগুলি জিততে  
ব্যর্থ হলে মেয়ের মুখের  
খাবার টুকু কিনতে ।

গলায় ফাঁসি পরে দুঃখে  
গেলে শেষে ঝুলতে  
বললে বুঝি সববাইকে  
মিথ্যে গরব ভুলতে ।

দেশ-পতাকা শোভা হলো  
তোমার কাফন ঢাকতে  
নিধিরামের শকট এলো  
ফাঁকা কামান দাগতে ।

১ ফেব্রুয়ারী ২০১১ [mushrafi@hotmail.com](mailto:mushrafi@hotmail.com)

অভাবের তাড়নায় মুক্তিযোদ্ধা আব্দুল হাই এর আত্মহত্যার খবর ইন্তেফাকে পড়ে। আমি নিজেও মুক্তিযোদ্ধা ।